আজকের কাগজ
18 SEP 1991
তারিখ ... 18 SEP 1991
পৃষ্ঠা ... ২ ... ৭

60

খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটে

# ছাত্রদল-শিবির সংঘর্ষে ২৫ জন আহত

গতকাল সকাল ১১টার দিকে খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবিরের সংঘর্ষে কমপক্ষে ২৫ জন আহত হয়েছে বলে জানা গেছে। আগের সংঘর্ষের জের হিসেবেই এ সংঘর্ষ হয় বলে ধারণা করা হচ্ছে।

শিবিরের আহত দশজন কর্মীকে প্রথমে খুলনা ২৫০ শয্যার হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু ছাত্রদল কর্মীরা সেখানে হামলা চালালে তাদের জেনারেল হাসপাতালে স্থানান্তর করা হয়। আহত শিবির কর্মীরা হচ্ছে– মামুন, গাউসুল, আজম, ইয়াসীন মোল্লা, আফাজ, গোলাম ফারুক, সেলিম, আসলাম, কাসেম, রেজাউল ও জাকী।

ছাত্রদলের যেসব কর্মী আহত হয়েছে তারা হচ্ছে– পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্র সংসদের জিএস আহসানুল কবির মিঠু, এজিএস কবীর হোসেন, সাহিত্য সম্পাদক তৌহিদুল ইসলাম শামসু, বাপ্পী, মনিরুল বাশার হাসান ও জাকির হোসেন।

দু'টি দলই সংঘর্ষের জন্যে পরস্পরকে দায়ী করেছে। সন্ধ্যায় এক সংবাদ সম্মেলনে শিবির ছাত্রদলের "গুণ্ডাবাহিনী" বোমা ও পাইপগান নিয়ে ক্লাস করতে যাওয়া শিবির কর্মীদের ওপর হামলা চালিয়েছে বলে দাবি করে।

অন্যদিকে ছাত্রদল বলেছে যে, শিবির বহিরাগতদের নিয়ে ছাত্রদল কর্মীদের ওপর হামলা করে।

ইনস্টিটিউটের অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সকাল ১১টার দিকে বহিরাগতরা প্রধানফটক বন্ধ করে হামলা চালায়। তারা প্রতিষ্ঠানের একমাত্র টেলিফোনটি বিচ্ছিন্ন করে দেয়ায় পুলিশকে খবর দেয়া যায়নি। পরে লোক মারফত খালিশপুর থানায় খবর দেয়া হলে আধ ঘন্টা পর পুলিশ এসে পৌঁছায় বলে তিনি জানান।

রাতে পুলিশ ছাত্রাবাসে অভিযান চালিয়ে চারজন শিবির কর্মীকে গ্রেফতার করেছে।

খালিশপুর থানায় উভয় সংগঠনই একটি করে মামলা করেছে। খবর সংবাদদাতার।